

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটির ৩য় ত্রৈমাসিক সভা ডিসেম্বর-২০২৫ মাসের কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব অন্নপূর্ণা দেবনাথ জেলা প্রশাসক, কুড়িগ্রাম
সভার তারিখ	:	২৪ ডিসেম্বর, ২০২৫ খ্রি.
সভার সময়	:	বিকেল: ০৪:৩০ ঘটিকা
সভার স্থান	:	জেলা প্রশাসক, কুড়িগ্রাম ঐর সম্মেলন কক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটির সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম উপস্থিত সদস্যবৃন্দকে উনুক্ত মতামত প্রদানের আহ্বান জানান। আরডিআরএস, সলিডারিটি, এনডিপি, ব্র্যাকসহ অন্যান্য সংস্থার প্রতিনিধিগণ নিজ নিজ কার্যক্রমভিত্তিক আলোচনা উপস্থাপন করেন। আলোচনার প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	লাইসেন্স / অনুমোদন গ্রহণ সংক্রান্ত	যে সকল প্রতিষ্ঠান এমআরএ থেকে লাইসেন্স/অনুমোদন সংগ্রহ করেছে কেবল তারাই জেলায় ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করতে পারবে। সেক্ষেত্রে কুড়িগ্রাম জেলার ২২টি নিবন্ধিত প্রতিষ্ঠান ব্যতীত কোন প্রতিষ্ঠান যেন ঋণ কার্যক্রম পরিচালনা করতে না পারে সে বিষয়ে গুরুত্বারোপ হয়। সঠিক সময়ে লাইসেন্স নবায়নপূর্বক এই কার্যালয়ে দাখিল করতে হবে।	নিবন্ধনপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান
২	কার্যক্রমের প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত	ক্ষুদ্রঋণ প্রদানকারী এনজিওসমূহ এ জেলায় তাদের কার্যক্রমের সারসংক্ষেপ প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়কে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	নিবন্ধনপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান
৩	নির্ধারিত সুদহার মেনে চলা	সরকার/ এমআরএ কতৃক নির্ধারিত সুদহারে ঋণ প্রদান করা হচ্ছে কি না সে বিষয়ে ০২ নং ক্রমিকে বর্ণিত প্রতিবেদনে উল্লেখ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ঋণ প্রদানের ক্ষেত্রে প্রান্তিক জনগোষ্ঠিকে অগ্রাধিকার প্রদান করতে হবে।	নিবন্ধনপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান
৪	উপকারভোগী বাছাইকরণ	একই উপকারভোগীর একাধিকবার সেবা পাওয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপকারভোগী চিহ্নিতকরণে স্থানীয় জনপ্রতিনিধিদের মতামত নেয়ার পাশাপাশি ইন্টিগ্রেটেড এপস ব্যবহারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এর ফলে একই উপকারভোগী পুনরায় সেবা পাওয়ার সুযোগ থাকবে না।	নিবন্ধনপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

✓

০২. পরিশেষে ক্ষুদ্রঋণ কর্মসূচির সাফল্য কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করা হয়।



(অন্নপূর্ণা দেবনাথ)

জেলা প্রশাসক

ও

সভাপতি

ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

Km

নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০৫১.২২-৭৯৫

তারিখ: ০৯^শ মার্চ, ১৪৩২
২৪ ডিসেম্বর, ২০২৫

বিভরণ: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইন্সটন গার্ডেন রোড, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীণ ব্যাংক, মিরপুর-২, ঢাকা।
৭., কুড়িগ্রাম।
৮. দপ্তর কপি।



জেলা প্রশাসক

ও

সভাপতি

ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

Km